ঝিনাইদহে কারাগারে এনসিপির দুই কেন্দ্রীয় নেতা



ছবি: সংগৃহীত

ঝিনাইদহে গ্রেপ্তার হওয়া জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতা তারেক রেজা ও যুবশক্তির নেতা অয়ন রহমান খানকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। রোববার (২৪ মে) সন্ধ্যায় তাদের ঝিনাইদহ আদালতে হাজির করা হলে বিচারক জেল হাজতে পাঠানোর নির্দেশ দেন।

রাত সাড়ে ১০টার দিকে ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মাহফুজ হোসেন এক সংবাদ ব্রিফিংয়ে বিষয়টি নিশ্চিত করেন।

পুলিশ জানায়, এনসিপির কেন্দ্রীয় যুগ্ম সম্পাদক তারেক রেজা ঝিনাইদহের একটি রেস্টুরেন্টে সংবাদ সম্মেলনে অংশ নিতে গেলে তাকে নিরাপত্তাজনিত কারণে হেফাজতে নেওয়া হয়। পরে তার বিরুদ্ধে থাকা মামলার ভিত্তিতে আদালতে সোপর্দ করা হয়।

এদিকে যশোর থেকে আটক যুবশক্তির নেতা অয়ন রহমান খানকেও একইদিন আদালতে হাজির করা হয়। তাকে গুম করা হয়েছে— সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া এমন দাবিকে ভিত্তিহীন বলে উল্লেখ করেছে পুলিশ। তাদের দাবি, গ্রেপ্তারের ২৪ ঘণ্টার মধ্যেই অয়নকে আদালতে তোলা হয়েছে এবং পুরো সময়জুড়ে তার পরিবারকে বিষয়টি জানানো হয়েছে।

অতিরিক্ত পুলিশ সুপার মাহফুজ হোসেন বলেন, ডিবি পুলিশের হেফাজতে নেওয়ার পর থেকেই অয়নের পরিবারের সদস্যরা পুলিশের সঙ্গে যোগাযোগ রেখেছেন। তাই গুমের অভিযোগ সঠিক নয় বলেও মন্তব্য করেন তিনি।

সংবাদ ব্রিফিংয়ে আরও উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর থানার ওসি আসাদুজ্জামান, ওসি (অপারেশন) শামসুজ্জোহা এবং ডিবি পুলিশের ওসি সাব্বিরুল আলম